ভয় নয় সাহস নিয়ে ভোটকেন্দ্রে যাওয়ার আহ্বান প্রধান উপদেষ্টার



ছবি: সংগৃহীত

জাতির উদ্দেশে ভাষণে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস নাগরিকদের ভয় ঝেড়ে সাহস নিয়ে ভোট দিতে যাওয়ার আহ্বান জানান। তিনি বলেন, একটি ভোটই অন্যায় ও নীরবতার বিরুদ্ধে জনগণের অবস্থান স্পষ্ট করবে।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন ঘিরে দেওয়া ভাষণে তিনি প্রতিদ্বন্দ্বী প্রার্থীদেরও দেশের স্বার্থকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানান। ফল যাই হোক, গণতন্ত্রের চর্চা বজায় রেখে সবাইকে একসঙ্গে কাজ করার ওপর জোর দেন তিনি।

প্রধান উপদেষ্টা উল্লেখ করেন, গণঅভ্যুত্থানের পর এটি দেশের প্রথম জাতীয় নির্বাচন, যেখানে দীর্ঘদিনের ক্ষোভ, বৈষম্য ও বঞ্চনার সাংবিধানিক প্রতিফলন ঘটবে। রাজপথের দাবি এবার ব্যালটে উচ্চারিত হবে, যা গণতান্ত্রিক অগ্রযাত্রায় নতুন অধ্যায় যোগ করবে।

গণভোটের প্রসঙ্গে তিনি বলেন, এই ভোটে শুধু প্রতিনিধি নয়, রাষ্ট্রের ভবিষ্যৎ পথও নির্ধারিত হবে— ন্যায়ভিত্তিক ও জবাবদিহিমূলক ব্যবস্থার দিকে অগ্রসর হওয়া, নাকি পুরোনো ক্ষমতাকেন্দ্রিক ধারায় ফিরে যাওয়া।